# অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

## মন্ত্রণালয় / বিভাগের নাম- বিআইডব্লিউটিএ

মাসের নাম ঃ জানুয়ারী, ২০২১ইং

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | নতুন অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | ৩ মাসের উর্দ্ধে | ৬ মাসের উর্দ্ধে | |
| - | - | - | - | মেঘনাঘাট ইজারায় ব্যাপক অনিয়ম এবং ইজারাদার তাঁর নিয়মনীতি ভঙ্গ করে অতিরিক্ত টাকা আদায়ের বিষয়ে জনাব মোঃ ইকবাল হোসেন সরদার, মহাসচিব, সম্মিলিত সাংবাদিক জোট, ঢাকা কর্তৃক কর্তৃপক্ষের চেয়ারম্যান বরাবর ২৯/০৯/২০২০ইং তারিখে একটি অভিযোগ দাখিল করা হয়। উক্ত ইজারাদারের অনিয়ম এবং অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ সর্ম্পকে সরেজমিন তদন্ত পূর্বক মেঘনা ঘাটের ইজারা বাতিল করে সরাসরি স্পট কোটেশনের মাধ্যমে বর্তমানে ঘাটটি পরিচালনা করা হচ্ছে। অভিযোগ নিষ্পন্নকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করার মাধ্যমে বিষয়টি গত ১৩/০১/২০২১ইং তারিখ নিষ্পন্ন করা হয়েছে। | ০১। জনাব বাদল চন্দ্র বিশ্বাস, লস্কর, পিতা-নরেশ চন্দ্র বিশ্বাস, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ, স্থায়ী ঠিকানা- গ্রামঃ কদিমখর্শিলা, পোঃ রতনগঞ্জ বাজার, থানাঃ কালিহাতি, জেলাঃ টাঙ্গাইল কর্তৃক জনৈক মোসাঃ শামসুন নাহার (মোবাইল নং-০১৭১৭-৩৫৯১৭৯) এর ভাইকে বিআইডব্লিউটিএ'র অফিস সহকারী পদে চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে ৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা নগদ গ্রহণ করেন। পরবর্তীতে চাকুরী না হওয়ায় জনাব বাবুল চন্দ্র বিশ্বাসের নিকট টাকা ফেরৎ চাওয়া হলে তন্মধ্যে বিভিন্ন সময়ে ৪,৩০,০০০/- টাকা পরিশোধ করে এবং ২,৭০,০০০/-(দুই লক্ষ সত্তর হাজার) টাকা তাঁর নিকট অবশিষ্ট রয়েছে। উক্ত অবশিষ্ট টাকা ফেরৎ দেয়ার অনুরোধ করা হলে জনাব বাদল চন্দ্র বিশ্বাস ক্ষিপ্ত হয়ে মোসাঃ শামসুন নাহার-কে বিভিন্ন ধরনের ভয়-ভীতি প্রদর্শন সহ প্রাণে মেরে ফেলার হুমকি দেয়ায় তিনি কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট একটি লিখিত অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৫৪/২০২১ তারিখঃ ২০/০১/২০২১ইং দ্বারা জনাব মোঃ সাইফুর রহমান, উপ পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে । তদন্ত প্রতিবেদন পাওয়ার পর উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>০২। জনাব মোঃ আবুল কালাম সেলিম, অফিস সহায়ক(অবসর প্রাপ্ত), সচিবালয় বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা কর্তৃক জনৈক মোছাঃ লিজা আক্তার(মোবাইল নং-০১৯৯৯-৩৮৯৮৩৩), পিতাঃ মোঃ ছামিউল আলম, গ্রামঃ কুলকান্দি, ডাকঘরঃ কুলকান্দি, থানাঃ ইসলামপুর, জেলাঃ জামালপুর এর নিকট হতে বিআইডব্লিউটিএ'র নিরাপত্তা প্রহরী পদে চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা নগদ গ্রহণ করেন মর্মে মোছাঃ লিজা আক্তার কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট গত ১১/০১/২০২১ইং তারিখ একটি লিখিত অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য জনাব এস.এম.বদরুল আলম, সহকারী পরিচালক, ক্রয় ও সংরক্ষণ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | - | - | |

E:\N-2.doc

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ০৩। জনাব মোঃ আলমগীর, লস্কর, ড্রেজার-১৩৫, ড্রেজার বেইজ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ জনৈক মোছাঃ শামসুন নাহার(সেলি) (মোবাইল নং-০১৭১৭-৩৫৯১৭৯), পিতাঃ মোঃ আলী আজগর, গ্রামঃ দিঘীবরাব, ডাকঘরঃ যাত্রামুড়া, থানাঃ রূপগঞ্জ, জেলাঃ নারায়ণগঞ্জ এর ছোট ভাইকে বিআইডব্লিউটিএ'র অফিস সহকারী পদে চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে ৮,০০,০০০/-(আট লক্ষ) টাকার প্রস্তাবের প্রেক্ষিতে ৩(তিন)টি একশত টাকার স্ট্যাম্পের মাধ্যমে নগদ ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা গ্রহণ করেন। পরবর্তীতে চাকুরী না হওয়ায় উক্ত টাকা ফেরৎ চাওয়া হলে জনাব মোঃ আলমগীর মোছাঃ শামসুন নাহার-কে বিভিন্ন ধরনের ভয়-ভীতি প্রর্দশন সহ প্রাণে মেরে ফেলার হুমকি দেয়ায় তিনি কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট একটি লিখিত অভিযোগ দাখিল করেন । উক্ত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য জনাব সুব্রত রায়, সহকারী পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা -কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>৪। বিআইডব্লিউটিএ'র বরিশাল ও পটুয়াখালীস্থ বিভিন্ন লঞ্চ ঘাটে নতুন পন্টুন, গ্যাংওয়ে এবং স্পাড, আর, সি, সি র‍্যাম্প স্থাপনে বিভিন্ন ধরনের অনিয়ম ও দুর্নীতি করা হয়েছে মর্মে উল্লেখ করে জনৈক মোঃ ফারুক গং কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় বরাবর গত ২৩/০১/২০২১ইং তারিখে একটি অভিযোগ পত্র দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়গুলো সর্ম্পকে তদন্ত পূর্বক সুর্নিদিষ্ট সুপারিশ সহ প্রতিবেদন দাখিলের নিমিত্ত জনাব মোঃ সাইফুল ইসলাম, অতিরিক্ত পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | | | | |

02/02/2021
**মোঃ আহসান হাবীব**
সহকারী সমন্বয় কর্মকর্তা (বিঃ মাঃ)

2/2/2021
(মোঃ আব্দুর রাজ্জাক)
উপ-পরিচালক (সমন্বয়)

2/2/2022
এস এম শাহেদ রেজা
যুগ্ম-পরিচালক (সমন্বয়)

স্বাক্ষর------------------- 03/2/21
নামঃ কমডোর গোলাম সাদেক
পদবীঃ চেয়ারম্যান
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
ফোনঃ ০২-৯৫৬৫৫৬১
ই-মেইলঃ chairman@biwta.gov.bd